দৈনিক সংবাদ

তারিখ 04 MAY 1996
পৃষ্ঠা ৮ কলাম ৫

# নাটোরে ৩১ হাজার শিশু স্কুলে ভর্তি হতে পারছে না

নাটোর, ৩রা মে (নিজস্ব সংবাদদাতা)।- নাটোরে ৩১ হাজার শিশু বিদ্যালয়ে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত। নাটোর জেলায় বিদ্যালয়ে ভর্তির উপযোগী শিশুর সংখ্যা ছিল ২ লাখ ৮৮ হাজার ১শ' ৮৯ জন। ভর্তি হয়েছে ২ লাখ ৫৬ হাজার ৬শ' ৩৭ জন। ভর্তির সুযোগ হারিয়েছে ৩১ হাজার ৫শ' ৫১ জন শিশু। একটি সূত্রমতে, শিক্ষা বিভাগ প্রদত্ত সংখ্যা প্রকৃত সংখ্যার অনেক কম। নিয়মানুসারে প্রতি ৫০ জন ছাত্রছাত্রীর জন্যে ১ জন শিক্ষক বাঞ্ছনীয়। কিন্তু নাটোর জেলার গ্রামাঞ্চলে প্রতি ৬৫ জন ছাত্রছাত্রীর জন্য ১ জন শিক্ষকও নেই। অবশ্য, জেলা শহর ও থানা সদর সংলগ্ন এলাকাগুলোতে এর বিপরীত অবস্থা বিরাজ করছে। এর কারণ হিসেবে একটি সূত্রে বলেছে, সরকার প্রাথমিক শিক্ষা বিভাগের বিদ্যালয়সমূহে শতকরা ৬০ ভাগ শিক্ষিকা নিয়োগের ফলে এ অবস্থার সৃষ্টি হয়েছে। নিয়োগকৃত, শিক্ষকদের অধিকাংশ মহিলা হওয়ায় তাদের যখন গ্রামের প্রত্যন্ত অঞ্চলে বিদ্যালয়সমূহে যেতে বলা হয় বা বদলি করা হয় তখন তারা খারাপ যোগাযোগ ব্যবস্থা ও সামাজিক নিরাপত্তাহীনতার কারণ উল্লেখ করে বদলি ঠেকানোর তদবিরে লিপ্ত হন। এসব কারণে শূন্য রয়ে যাচ্ছে গ্রামের বিদ্যালয়গুলোর শিক্ষক-শিক্ষিকার পদ। শিক্ষা বিভাগ জানিয়েছে, নাটোর জেলার প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে মোটামুটি গতিশীল করতে হলে কমপক্ষে আরো ৪০ জন শিক্ষক নিয়োগ করতে হবে। এছাড়া শিক্ষার বিনিময়ে খাদ্য এবং উপবৃত্তিসহ অন্যান্য দাপ্তরিক দায়িত্ব পালন করতে গিয়ে শিক্ষাদানের কাজ অনেক সময় ব্যাহত হয়।

২০০০ সালের মধ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে হলে প্রত্যন্ত অঞ্চলে পরিদর্শন জোরদার করতে হবে। এছাড়া প্রাতিষ্ঠানিক দুর্নীতি প্রতিরোধ এবং শিক্ষক বদলির ক্ষেত্রে তদবির প্রথা পরিহার করতে পারলে শিক্ষা কর্মসূচি গতিশীল হবে বলে অভিজ্ঞ মহল মনে করেন।